# সিলেট সিটি কর্পোরেশন
## নগর ভবন, সিলেট।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## জরুরী বিশেষ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী<br>মেয়র<br>সিলেট সিটি কর্পোরেশন। |
| সভার স্থান | : নগর ভবন সভা কক্ষ |
| সভার তারিখ | : ২৪ মে ২০২৪ খ্রিঃ |
| সময় | : সন্ধ্যা ৬:০০ ঘটিকা |
| আয়োজনে | : সিলেট সিটি কর্পোরেশন। |

উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং অত্রাফিসের কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতির অনুরোধক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কাজ শুরু করেন।

সভাপতি বলেন ২৭টি ওয়ার্ডের অদ্যাবধি এসেসমেন্ট/রিএসেসমেন্ট বিষয়ে সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সম্পৃক্ততা ছিল না। নতুন নির্ধারিত কর বিষয়ে জনগনের মধ্যে ভীতি বিরাজ করছে। প্রয়োজনে বাহির থেকে বিশেষজ্ঞ নিয়ে কাজ করার কথা বলেন। তিনি বলেন বকেয়া আদায়ের শেষ সময়সীমা নির্ধারনের কথা বলেন। তিনি এ বিষয়ে উপস্থিত সকল কাউন্সিলরদের আলোচনার আহবান জানান।

কাউন্সিলর জনাব রেজওয়ান আহমদ বলেন তার বাসার এসেসমেন্ট কখন হয়েছে তিনি জানেন না। তিনি নগর বাসির কল্যানের কথা বিবেচনায় রেখে সিদ্ধান্ত গ্রহণ করার অনুরোধ জানান। নতুন এসেসমেন্ট এর সময় কাউন্সিলরদের সম্পৃক্ত করার আহবান জানান। তিনি বলেন বকেয়া আদায়ে সম্মিলিতভাবে কাজ করতে হবে। তিনি বকেয়া আদায়ের জন্য ৩০ জুন পর্যন্ত সময়সীমা নির্ধারনের অনুরোধ জানান।

কাউন্সিলর জনাব মোঃ আজাদুর রহমান বলেন রিএসেসমেন্ট করার সময় কাউন্সিলরদের অবহিত করা হয়নি। বকেয়া আদায়ে জোর দিতে সময়সীমা বৃদ্ধির অনুরোধ জানান। তিনি বলেন কর নির্ধারনে রাজশাহীসহ অন্যান্য সিটি কর্পোরেশনের নির্ধারিত কর পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।

কাউন্সিলর জনাব শান্তনু দত্ত বলেন রিএসেসমেন্ট করার সময় বাড়ির মালিককে সামনে রেখে মাপজোক করার অনুরোধ জানান।

কাউন্সিলর জনাব আব্দুল মুহিত জাবেদ পূর্বে যাদের রিভিউ হয় নাই তাদেরকে সুযোগ প্রদানের অনুরোধ জানান।

কাউন্সিলর জনাব ফরহাদ চৌধুরী বলেন হোল্ডিং কর এর বকেয়ার ক্ষেত্রে জরিমানার বিধান না থাকায় জনগন কর প্রদানে গুরুত্ব দেয় না। এ বিষয়ে পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানান। তিনি বিল্ডিং পারমিশন জালিয়াতির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কি পদক্ষেপ গ্রহণ করা হয়েছে জানতে চান।

কাউন্সিলর বেগম সাজেদা বেগম, জনাব আলতাফ হোসেন সুমন এবং জনাব জাহাঙ্গীর আলম তাঁদের ওয়ার্ডে ভোটার সংখ্যা বিবেচনায় রেখে টিসিবি কার্ড বরাদ্দের জন্য অনুরোধ জানান।

কাউন্সিলর এস এম শওকত আমীন তৌহিদ হোল্ডিং করের বকেয়া আদায়ের বিষয়ে জোর দেওয়ার কথা বলেন। তিনি বলেন বিল্ডিং পারমিশনের জন্য আবেদন দাখিল করার দীর্ঘদিন অতিবাহিত হয়ে গেলেও অনুমোদন পায় না। তিনি বিল্ডিং পারমিশন কমিটির বৈধতা সম্পর্কে জানতে চান এবং তা বাতিল করার অনুরোধ জানান।

কাউন্সিলর জনাব জগদীশ চন্দ্র দাশ জানান তাঁর ওয়ার্ডে ৪ ফুট রাস্তা আরও ৩ ফুট বর্ধিত করে কাজ চলছে।

প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন হাউজ বিল্ডিং কর্পোরেশন লোনের বিষয়ে তদন্ত করতে যেয়ে পারমিশনের জালিয়াতি নজরে আসে। তিনি বলেন বিষয়টি তদন্তাধীন রয়েছে এবং জড়িতদের ইতোমধ্যে তাদের দাপ্তরিক কার্যক্রম থেকে বিরত রাখা হয়েছে। তিনি আরও বলেন মেয়র মহোদয়ের গাড়ি ক্রয়ের বিষয়টি মন্ত্রণালয় হতে অনুমোদন প্রদান করা হয়েছে।

উপস্থিত কাউন্সিলরবৃন্দ মেয়র মহোদয়ের গাড়ি ক্রয়ের ব্যাপারে একমত পোষণ করেন এবং ভাল ও উন্নতমানের গাড়ি ক্রয়ের অনুরোধ জানান।

সভাপতি সদ্য নিয়োগপ্রাপ্ত জনাব লে: কর্ণেল (অবঃ) মোহাম্মদ উল্লাহ সজিব, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক)-কে পরিষদে পরিচয় করিয়ে দেন। এসেসমেন্ট/রিএসেসমেন্ট বাতিল করে সংশ্লিষ্ট কাউন্সিলরদের সম্পৃক্ততার মাধ্যমে নতুন করে কর ধার্যের প্রস্তাব দেন। আপাতত পুরাতন রেইট বলবৎ রাখার প্রস্তাব দেন। তিনি বকেয়া আদায়ের জন্য ৩১ জুলাই ২০২৪ খ্রি. পর্যন্ত সময়সীমা নির্ধারনের প্রস্তাব দেন। পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে দ্রুত বর্জ্য অপসারণের নিমিত্ত ওয়ার্ড প্রতি ২ লক্ষ টাকা প্রদানের প্রস্তাব দেন। তিনি বলেন প্রধানমন্ত্রী বলেছেন পর্যায়ক্রমে ১ কোটি জনগণকে টিসিবি কার্ড সেবার আওতায় আনা হবে। সিলেট সিটি কর্পোরেশনকে আরও ৩৫,০০০ টিসিবি কার্ড প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার কথা বলেন। তিনি বিল্ডিং পারমিশন বিষয়ে প্রয়োজনে আলাদা সভা করার আহবান জানান।

বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে নিম্নে বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়।

**সিদ্ধান্তঃ**

১. সিলেট সিটি কর্পোরেশনের ২৭টি ওয়ার্ডের হোল্ডিংসমূহের চলমান এসেসমেন্ট/রি-এসেসমেন্ট কার্যক্রম বাতিল করার এবং বকেয়া আদায়ের শেষ তারিখ ৩১.০৭.২০২৪ খ্রি. নির্ধারণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। পরবর্তীতে সকল কাউন্সিলরবৃন্দদের সম্পৃক্ত করে এসেসমেন্ট/রি-এসেসমেন্ট কার্যক্রম পরিচালনার সিদ্ধান্তও গৃহিত হয়।

২. পবিত্র ঈদুল আযহা উপলক্ষ্যে দ্রুত বর্জ্য অপসারণের নিমিত্ত ওয়ার্ড প্রতি ২ (দুই) লক্ষ টাকা প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৩. মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন প্রদান করায় মেয়র মহোদয়ের গাড়ি ক্রয়ের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৪. সিলেট সিটি কর্পোরেশনকে আরও ৩৫,০০০ টিসিবি কার্ড প্রদানের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

৫. বিল্ডিং পারমিশন বিষয়ে আলাদা সভা আহবান করে এ বিষয়ে আলোচনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আনোয়ারুজ্জামান চৌধুরী)
মেয়র
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০৭.২৩.১৫০৬/১৮ তারিখঃ ১০.০৬.২০২৪ খ্রি.

**সদয় অবগতির জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড, সিলেট।
৬। অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট।
৭-১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
১২। পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট।
১৩। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট।
১৪। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট।
১৬। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
১৭। পরিচালক, বিআরটিএ, সিলেট।
১৮। ষ্টেশন ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, সিলেট।

১০/৬/২০২৪
(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব)
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০৭.২৩.১৫০৬/১৮/৫৬ তারিখঃ ১০.০৬.২০২৪ খ্রি.

**সদয় অবগতির জন্যঃ**

১। ........................................................................ .........কাউন্সিলর

সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড নং................সিলেট সিটি কর্পোরেশন।

১০/৬/২০২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব)
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০৭.২৩.১৫০৬/১৮/৫৬(২৪) তারিখঃ ১০.০৬.২০২৪ খ্রি.

**জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
২। প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৩। প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৫। মেয়রের সহকারী একান্ত সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
৬-২৩। ......আইটি কনসালটেন্ট...... শাখা প্রধান, সিলেট সিটি কর্পোরেশন।
২৪। সংশ্লিষ্ট নথি।

১০/৬/২০২৪
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্ম সচিব)
সিলেট সিটি কর্পোরেশন

**<u>পরিশিষ্ট ‘ক’</u>**

**<u>সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)</u>**

১. জনাব জগদীশ চন্দ্র দাশ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২. জনাব আলতাফ হোসেন সুমন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩. মোছাঃ রুহেনা খানম মুক্তা, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৪. বেগম নার্গিস সুলতানা, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৫. বেগম ফাতেমা বেগম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৬. বেগম বাবলী আক্তার, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৭. জনাব মোঃ আজাদুর রহমান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৮. জনাব মোঃ ফজলে রাব্বী চৌধুরী, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৯. জনাব আব্দুল মুহিত জাবেদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১০. জনাব মোঃ আব্দুর রকিব তুহিন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১১. জনাব ফখরুল আলম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১২. জনাব মতিউর রহমান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৩. জনাব শেখ তোফায়েল আহমদ সেপুল, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৪. জনাব রেজওয়ান আহমদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৫. জনাব ফরহাদ চৌধুরী, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৬. জনাব সায়ীদ মোঃ আব্দুল্লাহ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৭. জনাব রাশেদ আহমদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৮. জনাব জাহাঙ্গীর আলম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৯. জনাব আবুল কালাম আজাদ (লায়েক), কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২০. জনাব আব্দুল জলিল নজরুল, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২১. জনাব হুমায়ুন কবীর সুহিন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২২. জনাব নজমুল হোসেন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৩. জনাব হিরন মাহমুদ নিপু, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৪. বেগম সাজেদা বেগম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৫. জনাব আব্দুর রকিব বাবলু, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৬. জনাব মোঃ রায়হান হোসেন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৭. জনাব তাকবির ইসলাম পিন্টু, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৮. মোছাঃ রেবেকা বেগম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২৯. জনাব মোঃ জয়নাল আবেদীন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩০. জনাব এ বি এম জিল্লুর রহমান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩১. জনাব এস এম শওকত আমীন তৌহিদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩২. জনাব মোঃ হেলাল উদ্দিন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৩. জনাব মোঃ রকিব খাঁন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৪. জনাব লিটন আহমদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৫. জনাব মোঃ রিয়াজ মিয়া, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৬. বেগম সালমা সুলতানা, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৭. জনাব দেলোয়ার হোসেন, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৮. জনাব মোঃ নজরুল ইসলাম মুনিম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৯. জনাব শান্তনু দত্ত, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৪০. জনাব হাজি মোঃ মখলিছুর রহমান কামরান, কাউন্সিলর ও প্যানেল মেয়র-১, সিলেট সিটি কর্পোরেশন।
৪১. জনাব মোঃ মাজহারুল ইসলাম শাকিল, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৪২. জনাব মোঃ রুহেল আহমদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।